গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় মৌলভীবাজার
(এন.জি.ও. বিষয়ক সেল)
www.moulvibazar.gov.bd

জেলা এন.জি.ও. বিষয়ক সমন্বয় কমিটি'র জানুয়ারী/২০১৫ খ্রি. মাসের সভার কার্য বিবরণী:

সভাপতি : **মোঃ কামরুল হাসান**
জেলা প্রশাসক, মৌলভীবাজার।
তারিখ : ২৫/০১/২০১৫ খ্রি.।
সময় : সকাল-১১.০০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট **"ক"** দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সন্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে বিগত ২২/১২/২০১৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী পাঠ করেন জনাব মোহাম্মদ ফারুক আহমদ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার। অত:পর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উক্ত কার্য বিবরণী অনুমোদন করা হয়। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণি ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০১। আলোচ্য বিষয় : মৌলভীবাজার বি.এন.এস.বি. চক্ষু হাসপাতাল এর কার্য ক্রম:
উক্ত সংস্থার ব্যবস্থাপক, প্রশাসন সভায় ডিসেম্বর/২০১৪খ্রি. মাসের কার্য ক্রম তুলে ধরেন। তিনি জানানউক্ত সংস্থা কর্তৃক চক্ষু চিকিৎসামূলক বিভিন্ন কার্য ক্রম পরিচালিত হচ্ছে বহির্বি ভাগে মোট৬৮১০ জন রোগী চিকিৎসা সেবা পায় এবং আন্ত:বিভাগে-২৩ জন শিশু ও ৯০ জন প্রাপ্ত বয়স্ক রোগীর চোখে অপারেশনসহ ১২৯ জন রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে। ১১ টি স্কিনিং ক্যাম্পে ৪৬০ জন রোগীর চোখে অপারেশনসহ মোট ৪০৬২ জন রোগী চিকিৎসা সেবা পায়।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে "চক্ষু চিকিৎসা ক্যাম্প" স্থাপন করে রেজিষ্টার্ড ডাক্তার দ্বারা সুচিকিৎসা নিশ্চিত করার নিমিত্ত অনুরোধ জানানো হলো।	অবৈতনিক সাধারণ সম্পাদক, বি.এন.এস.বি, মৌলভীবাজার।

০২। আলোচ্য বিষয় : এফ.আই.ভি.ডি.বি. মৌলভীবাজার এর কার্য ক্রম
উক্ত সংস্থার ব্যবস্থাপক আলোচনায় অংশ নিয়ে সভাকে বলেন যে, ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে উক্ত সংস্থা মৌলভীবাজার সদর উপজেলায় ক্ষুদ্র, ক্ষুদ্র উদ্যোক্তা ও হত দরিদ্র ঋণ এবং সৌর বিদ্যুৎ প্রকল্প পরিচালিত হচ্ছে। উপকারভোগীর সংখ্যা-২৪৩৮ জন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	ঋণ কার্য ক্রমের মাধ্যমে সমাজের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে আত্মকর্ম সংস্থান সৃষ্টি করে স্বাবলম্বী হিসেবে গড়ে তোলার পাশাপাশি গরীব ছাত্র/ছাত্রীদের যতদূর সম্ভব সূদমুক্ত ঋণ বিতরণের অনুরোধ জানানো হলো।	ব্যবস্থাপক, এফ.আই.ভি.ডি.বি, বড়কাপন, মৌলভীবাজার।

০৩। আলোচ্য বিষয় : আশা, কাজির গাঁও, মৌলভীবাজার এর কার্য ক্রম
উক্ত সংস্থার জেলা ব্যবস্থাপক সভাকে জানান যে, ডিসেম্বর/২০১৪ খ্রি.মাসে চিকিৎসা সহায়তা প্রদান-০৩ জন, মিনি লাইফ ইন্সুরেন্স-১০ জন, ঋণ বীমা পরিশোধ-৩১ জন, ঋণ বিতরণ-৪৫৪৫ জন, সঞ্চয়-২৮৫ জন, ফরেন রেমিটেন্স উপকারভোগী-২৭৭ জন। তাছাড়া, প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরণ কর্ম সূচী, সমন্বিত শিক্ষা ও স্বাস্থ্য কার্য ক্রমসহ ফিজিওথেরাপি ক্যাম্প পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সরকারের আইন ও নীতিমালার মধ্যে সংস্থার কার্য প্রণালী সুষ্ঠুভাবে অনুসরণ করে সঠিকভাবে কর্ম সূচী দৃশ্যমান করার জন্য অনুরোধ জানানো হলো।	জেলা ব্যবস্থাপক আশা, মৌলভীবাজার।

০৪। আলোচ্য বিষয় : প্রচেষ্টা, কুলাউড়া এর কার্য ক্রম

ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে উক্ত সংস্থা কর্তৃক 1. Alternative livelihood program, 2. Promotion of Human Rights of persions with Disabitilities in Bangladesh, 3. Efforts for Capacity Building of Community Based Organaization, 4. Hakaluki livelihood Development Project, 5. Velnerable Group Development (VGD এবং 6. Developing a model of inclusive Education in Bangladesh Project (DMIEBP) পরিচালিত হয়েছে মর্মে উক্ত সংস্থার প্রতিনিধি সভায় অবহিত করেন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	গৃহীত ও সম্পন্নকৃত উল্লেখযোগ্য ০৫(পাঁচ)টি কার্য ক্রমের বিবরণী আগামী ফেরুয়ারী/২০১৫ খ্রি. মাসের সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হলো।	নির্ব াহী পরিচালক, প্রচেষ্টা, কুলাউড়া, মৌলভীবাজার।

০৫। সমাজ উন্নয়ন ও পরিবার পরিকল্পনা সংস্থা (সুপস্) এর কার্য ক্রম।

উক্ত প্রতিষ্ঠানের প্রকল্প পরিচালক সভায় অনুপস্থিত।ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসের প্রতিবেদন অনুসারে পরিবার পরিকল্পনায় সেবা-১৯৪৬ জন, কনডম বিতরন-২৩৫ জন, ইনজেকটেবল-২১৩ জন, আই ইউ ডি-০২ জন, মায়ের স্বাস্থ্যে-২০০ জন, ফোনের মাধ্যমে সেবা-০৮ জন, টিটি-১৭ জন, নিরাপদ প্রসব/প্রসবোত্তর সেবা-৬৯ জন, শিশু স্বাস্থ্যে টিকা দান-৯৪ জন, নিউমোনিয়া সেবা-৫৭ জন, ডায়রিয়া সেবা-৪২ জন, অপুষ্টি আক্রান্ত শিশু সেবা-৪১ জন, আরটিআই, এসটিআই চিকিৎসা সেবা-৭৪ জন, প্রজননতন্ত্রের সংক্রমন ও পরামর্শ-৩৮৫ জন, সাধারণ রোগের চিকিৎসা-৮৪৯ জন, আচরণ পরিবর্তনের জন্য যোগাযোগ, তথ্য, শিক্ষা, উদ্বুদ্ধকরণ, গ্রুপ মিটিং-১২৯ জন এবং পরিবার পরিকল্পনায় লজিষ্টিক বিতরণ-৪৬২৩ জন।

ক্র:ন:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সভায় অনুপস্থিত থাকার কারণ ব্যাখ্যাসহ আগামী মাসের সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো।	প্রকল্প পরিচালক, (সুপস্) শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

০৬। সূর্যে র হাসি ক্লিনিক্ মৌলভীবাজার এর কার্য ক্রম।

উক্ত সংস্থার ক্লিনিক ম্যানেজার সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি.মাসে শিশু স্বাস্থ্য সেবা-৩১৫ জন, মাতৃ স্বাস্থ্য সেবা-৩৮৩ জন, প্রজনন স্বাস্থ্য সেবা-১৬৭ জন, পরিবার পরিকল্পনা-৪৭৮ জন, সাধারণ রোগের চিকিৎসা-৭২৭ জন, প্যাথলজিক্যাল সেবা-৩৪৭ জন, ক্লিনিকে ডেলিভারী সেবা-১৮ জন। বিনামূল্যে হতদরিদ্রদের স্বাস্থ্য সেবা-৯৯ জন, ইপিআই-৩৩৯ জন। সর্ব মোট উপকারভোগীর সংখ্যা২৮৭৩ জন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	গর্ভ কালীন সময় মহিলাদের অত্যন্ত ঝুঁকিপূর্ণ সময় বিধায় রেজিষ্টার্ড ডাক্ত দ্বারা সঠিকভাবে কাজ করার জন্য অনুরোধ জানানো হলো।	ক্লিনিক ম্যানেজার, সূর্যে র হাসি ক্লিনিক, মৌলভীবাজার।

৭। আলোচ্য বিষয় : ব্রাক্ষণবাজার খ্রীষ্টিয়ান স্বাস্থ্য প্রকল্প,(বি,সি,এইচ,পি),কুলাউড়া এর কার্য ক্রম।

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় জানান যে, ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসের প্রতিবেদন অনুসারে বহির্বি ভাগে৬৪২ জন, আন্তঃবিভাগ-১০৪ জন, প্রসূতি বিভাগে-৪৭ জন, অস্ত্রোপ্রচার-৪১ জন, ল্যাব পরীক্ষা-২৩৬৪ জন, ইসিজি-২৪, আলট্রাসনোগ্রাফী পরীক্ষা-১৫৯ জন, এক্সরে-৮০ জন, ড্রেসিং-১৪৭, প্রতিষেধক টিকা-১৩ জন এবং গরীব রোগীদের চ্যারিটি প্রদান-৫৯ জন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	রেজিষ্টার্ড ডাক্তার দ্বারাদরিদ্র ও সুবিধা বঞ্চিত জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিসহ যতদূর সম্ভব স্বল্পমূল্যে ভাল সেবা পেতে পারে তা নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।	প্রকল্প পরিচালক, বিসিএইচপি, কুলাউড়া।

৮। আলোচ্য বিষয় : কারিতাস, শ্রীমঙ্গল/কুলাউড়া এর কার্য ক্রম।

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় কার্য ক্রম তুলে ধরেন। তিনি জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে আলোঘর প্রকল্প, স্থায়ীত্বশীল খাদ্য জীবিকায়ন ও নিরাপত্তা প্রকল্প, আঞ্চলিক টেকনিক্যাল স্কুল প্রকল্প(আরটিএস), প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন কর্ম সূচী(ডিআইপিডি) এবং মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	গতানুগতিক কাজ না করে টেকসই, লাগসই ও দরিদ্রবান্ধব কর্ম সূচী দৃশ্যমান করার জন্য অনুরোধ জানানো হলো।	মাঠ কর্ম কর্ত, কারিতাস শ্রীমঙ্গল/কুলাউড়া, মৌলভীবাজার।

চলমান পাতা-০৩

০৯। <u>আলোচ্য বিষয় : শ্রীমঙ্গল ফাউন্ডেশন এর কার্য ক্রম</u>।

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় জানান ডিসেম্বর/২০১৪ মাসে মা ও শিশু স্বাস্থ্যের চিকিৎসা সেবা প্রদান করা হয় এবং পরিষ্কার-পরিচ্ছন্ন, এইচআইভি/এইডস, পরিবার পরিকল্পনা, মাতৃত্বকালীন যত্ন ইত্যাদি বিষয়ক পরামর্শ এবং বিভিন্ন কৃষি বান্ধব কার্য ক্রম ইত্যাদি পরিচালনা প্রদান করা হয়।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সংস্থার নির্ধারিত কর্ম সূচীর পাশাপাশি সমাজের সবচেয়ে দরিদ্র শ্রেণির মানুষকে উন্নয়নের সুফল সম্পর্কে সচেতন করা, যাতে করে গরীব জনগোষ্ঠী সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত সমস্যাবলী সম্পর্কে সচেতন হয়ে আত্মনির্ভরশীল হওয়ার পথ খুঁজে বের করতে পারে।	নির্বাহী পরিচালক, শ্রীমঙ্গল ফাউন্ডেশন।

১০। <u>আলোচ্য বিষয় : হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট প্রজেক্ট(HRDP), মৌলভীবাজার এর কার্য ক্রম</u>

উপস্থিত এনজিও সংস্থার জেলা ম্যানেজার জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে স্কুল প্রোগ্রাম (প্রিপ্যারটরী বিদ্যালয়-১৭টি, উপকারভোগী-৮০৬ জন ছাত্র-ছাত্রী), হোস্টেল প্রোগ্রাম (উপকারভোগী-৫৩ জন ছাত্র), লিডারশীপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এল,ডি,পি) (উপকারভোগী-৩২৯ জন ছাত্র-ছাত্রী) এবং এডুকেশন এ্যাসিসটেন্স প্রোগ্রাম(ইএপি)(উপকারভোগী-৪৩৫ জন ছাত্রছাত্রী) কার্য ক্রম পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	জাতি গঠনমূলক কার্য ক্রমকে আরো বেগবান করার লক্ষ্যে জেল/উপজেলা প্রশাসন এবং শিক্ষা বিভাগের সহিত সমন্বয় রেখে সঠিকভাবে সকল স্তরে কার্য ক্রমবিস্তৃতির জন্য অনুরোধ জানানো হলো।	ম্যানেজার, এইচ,আর,ডি,পি মৌলভীবাজার।

১১। <u>আলোচ্য বিষয় : মেরিস্টোপস ক্লিনিক এর কার্য ক্রম</u>

উক্ত সংস্থার ক্লিনিক ম্যানেজার সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে খাবার বড়ি-৪৬৮, কনডম-২৬৫, আইইউডি-১১, ইনজেকটেবল-২৬৩, স্থায়ী পদ্ধতি-৫১, ইপিআই টিকা-৮৯, টিটি টিকা-৮৪, গর্ভ কালীন সেবা-৪২ এবং প্রজনন স্বাস্থ্য সেবা-৫৬৩ জন। সর্ব মোট সেবা গ্রহণকারী-১৮৫৭ জন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	গর্ভ কালীন সময় মহিলাদের অত্যন্ত ঝুঁকিপূর্ণ সময় বিধায় রেজিষ্টার্ড ডাক্তর দ্বারা সঠিকভাবে কাজ করার জন্য অনুরোধ জানানো হলো।	ক্লিনিক ম্যানেজার, মেরিস্টোপস ক্লিনিক মৌলভীবাজার।

১২। <u>আলোচ্য বিষয় : উন্নয়ন সহায়ক সংস্থা-উসস এর কার্য ক্রম</u>

উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি.মাসে (১)ক্ষুদ্র ঋণ প্রকল্প, হতদরিদ্রদের আয়, শিক্ষা ও স্বাস্থ্য অবস্থার উন্নয়ন প্রকল্প এবং মাদকাসক্তদের মধ্যে এইচআইভি এইডস প্রতিরোধ কর্ম সূচী জিএফএটিএম-৯০৬ পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	উন্নয়ন বা সেবামূলক কার্য ক্রম পরিচালনার পূর্বে সংশ্লিষ্ট এলাকার বিরাজমা সমস্যা, এলাকার অধিবাসীদের প্রকৃত ও আশু প্রয়োজন চিহ্নিত করে উৎপাদনমূলক অর্থনৈতিক কর্মকান্ডের মাধ্যমে সামাজিক উন্নয়ন দৃশ্যমান করার অনুরোধ জানানো হলো।	সভাপতি/সাধারণ সম্পাদক উসস-মৌলভীবাজার।

১৩। <u>আলোচ্য বিষয় : সচেতন সাহায্য সংস্থার কার্য ক্রম</u>:

উক্ত সংস্থার প্রজেক্ট ম্যানজার সভায় অনুপস্থিত। ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসের প্রতিবেদন পাওয়া যায়নি।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সভায় অনুপস্থিত থাকার এবং মাসিক প্রতিবেদন প্রেরণ না করার কারণ ব্যাখ্যাসহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো।	প্রজেক্ট ম্যানেজার সচেতন সাহায্য সংস্থা মৌলভীবাজার।

১৪। আলোচ্য বিষয় : হীড বাংলাদেশ, কমলগঞ্জের কার্য ক্রম।

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি.মাসে যক্ষা রোগ নির্ণ য়ের জন্য মোট১৬১৭ জন ব্যক্তির কফ পরীক্ষা করা হয়। এর মধ্যে পজেটিভ রোগীর সংখ্যা-১৬৮ জন। সর্ব মোট যক্ষা রোগী সনাক্ত করা হয়েছে৩৫০ জন। চিকিৎসাধীন রোগীর সংখ্যা-১৮২০ জন। এ মাসে চিকিৎসা সমাপ্ত রোগীর সংখ্যা-২৯৯ জন। নতুন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়-০৮ জন, চিকিৎসাধীন কুষ্ঠ রোগীর সংখ্যা-৭৩ জন। চিকিৎসা সমাপ্ত রোগীর সংখ্যা-১১ জন।

চলমান পাতা-০৪

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	রেজিষ্টার্ড ডাক্তার দ্বারা দরিদ্র ও সুবিধা বঞ্চিত জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিসহ অত্যন্ত যত্নসহকারে কার্য ক্রম পরিচালনারজন্য অনুরোধ জানানো হলো।	প্রকল্প পরিচালক হীড বাংলাদেশ, কমলগঞ্জ।

১৫। বুরো বাংলাদেশ, মৌলভীবাজার এর কার্য ক্রম

উক্ত সংস্থার শাখা ব্যবস্থাপক সভায় জানান ডিসেম্বর/২০১৪খ্রি.মাসে সাধারণ ঋণ+কৃষি ঋণ(উপকারভোগী-২৮০৭০জন), ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ (উপকারভোগী-৬২৬৫জন), সাধারণ সঞ্চয়+স্বেচ্ছা সঞ্চয় (উপকারভোগী-৩৮৫৪৫ জন), রেমিটেন্স (উপকারভোগী-৮৫৯৫ জন) এবং বীমা সুবিধা অর্থ াৎ মৃত্যুজনিত দাবী(উপকারভোগী-১০৩০ জন) পরিশোধ করা হয়।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	জেলা/উপজেলা প্রশাসনের সাথে সম্পৃক্ততা আরো বৃদ্ধিসহ গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের মধ্যে স্বল্প পরিসরে হলেও সুদমুক্ত ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো।	ব্রাঞ্চ ম্যানেজার, বুরো বাংলাদেশ মৌলভীবাজার।

১৬। পার্ট নার্স ইন হেলথ এন্ড ডেভেলপমেন্ট(পি.এইচ.ডি) মৌলভীবাজার এর কার্য ক্রম

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে মৌলভীবাজার জেলার সকল উপজেলার ১৫৯ কমিউনিটি ক্লিনিকের আওতাধীন জনগোষ্ঠী বিশেষ করে গর্ভ বতী মা ও নবজাতকের স্বাস্থ্য উন্নয়নে কাজ করছে। উপকারভোগী গর্ভ বতী মা-৭৪৭৭ জন এবং নবজাতক-১৪৮৩ জন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	প্রত্যন্ত এলাকায় কার্য ক্রম পরিচালনার ক্ষেত্রে স্থানীয় প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয় রেখে আন্তরিকার সহিত কাজ করার জন্য অনুরোধ জানানো হলো।	জেলা সমন্বয়কারী, পি.এইচ.ডি মৌলভীবাজার।

১৭। আলোচ্য বিষয় : পাতাকুড়ি সোসাইটি, শ্রীমঙ্গল এর কার্য ক্রম

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় কার্য ক্রম তুলে ধরে বলেন ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে সৌরবিদ্যুৎ কর্ম সূচী(উপকারভোগী-১৩১ জন), গৃহায়ন কর্ম সূচী (উপকারভোগী-২৫ জন), ক্ষুদ্রঋণ কর্ম সূচী (উপকারভোগী-৪৮২জন), শিক্ষা কর্ম সূচী (উপকারভোগী-১৫০ জন), কৃষি (উপকারভোগী-৪৬৯ জন) এবং স্বাস্থ্য সেবা কর্ম সূচী(উপকারভোগী-৬৭৮০ জন) পরিচালিত হয়েছে। তাছাড়া ৫ জন ভিক্ষুককে পুনর্ব াসন করা হয়েছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	গৃহীত ও সম্পন্নকৃত উল্লেখযোগ্য ০৫(পাঁচ)টি কার্য ক্রমের বিবরণী আগামী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হলো।	প্রধান নির্ব াহী পাতাকুঁড়ি সোসাইটি শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

১৮। আলোচ্য বিষয় : ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টি,এম,এস,এস) মৌলভীবাজার এর কার্যক্রম:

উক্ত সংস্থার শাখা ব্যবস্থাপক সভাকে জানান ডিসেম্বর/১৪ খ্রি. মাসে মৌলভীবাজার সদর, রাজনগর, শ্রীমঙ্গল, কমলগঞ্জ, কুলাউড়া ও বড়লেখা উপজেলায় নারীর ক্ষমতায়ন, সামাজিক সচেতনতা, অনানুষ্ঠানিক শিক্ষা, হতদরিদ্রদের কর্ম সংস্থান এফআরপিপি, সৌরবিদ্যুৎ প্রশিক্ষণ এবং ঋণ কার্য ক্রম পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	ঋণের ক্ষেত্রে সার্ভিস চার্জ সহনীয় পর্যায়ে আদায়সহ :স্থ ও গরীব লোকদের যতদূর সম্ভব সূদমুক্ত ঋণ প্রদানের অনুরোধ জানানো হলো।	আঞ্চলিক ব্যবস্থাপক, টি,এম,এস,এস, মৌলভীবাজার।

১৯। <u>আলোচ্য বিষয় : পসবিদ উন্নয়ন সংস্থা, শ্রীমঙ্গল এর কার্য ক্রম</u>

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় অনুপস্থিত। ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসের প্রতিবেদন পাওয়া যায়নি।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সভায় অনুপস্থিত থাকার ও প্রতিবেদন প্রেরণ না করার কারণ দর্শানোর জন্য বলা হলো এবং বিস্তারিত প্রতিবেদনসহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।	প্রধান নির্বাহী, পসবিদ শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

২০। <u>আলোচ্য বিষয় : সেন্ট্রাল ফর কমিউনিটি ডেভেলপমেন্ট এসিস্ট্যান্স (সি.সি.ডি.এ) কার্য ক্রম শ্রীমঙ্গল :</u>

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় জানান ডিসেম্বর/১৪ খ্রি. মাসে উক্ত সংস্থা কর্তৃক গ্রামীন ক্ষুদ্র ঋণ কার্য ক্রম পরিচালিত হচ্ছে। ঋণ বিতরনের পরিমাণ-২৯৭৩০০০/-টাকা এবং উপকারভোগীর সংখ্যা-১৫৮০ জন।

চলমান

পাতা-০৫

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	নির্ধারিত কর্ম সূচীর পাশাপাশিসামাজিক খাতের গুরুত্বপূর্ণ ক্ষেত্রে যথাসাধ্য অতি উপযুক্ত কর্ম সূচী দৃশ্যমান করার জন্য অনুরোধ জানানো হলো।	সমন্বয়কারী, সি.সি.ডি.এ শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

<u>২১। আলোচ্য বিষয় : ব্র্যাক, মৌলভীবাজার এর কার্য ক্রম</u>

উক্ত সংস্থার প্রতিনিধি ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসের কার্য ক্রম সভায় তুলে ধরেন। তিনি সভাকে জানান ইকোনমিক ডেভেলপমেন্ট কর্মসূচী, শিক্ষা, কিশোরীদের জীবিকা ও কর্মসংস্থান, স্বাস্থ্য, ওয়াটার স্যানিটেশন এন্ড হাইজিন (ওয়াশ), মানবাধিকার ও আইন সহায়তা, অতি দরিদ্র, সামাজিক ক্ষমতায়ন, নারীর বিরুদ্ধে সহিংসতা প্রতিরোধে ইউএনডিপি'র সাথে যৌথ কর্মসূচী, এডভোকেসি কর্মসূচী, পোলট্রি কর্মসূচী, ফিশারিজ এন্টারপ্রাইজ এবং সৌর বিদ্যুৎ কর্মসূচী পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	প্রকল্প বাস্তবায়ন এবং কার্য ক্রম পরিচালনার ক্ষেত্রে জেলা/উপজেলা ও সংশ্লিষ্ট বিভাগের সাথে সমন্বয় রাখার জন্য অনুরোধ জানানো হলো।	জেলা প্রতিনিধি ব্র্যাক, মৌলভীবাজার।

২২। <u>আলোচ্য বিষয় : সোসিও ইকোনমিক ডেভেলপমেন্ট এলায়েন্স (সিডা) এর কার্য ক্রম</u>।

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে মেকিং উইমেন লিগ্যাল রাইটস এ রিয়্যালিটি ইন বাংলাদেশ, (খলিলপুর, মনুমুখ, চাঁদনীঘাট ও একাটুনা ইউপি'র দরিদ্র, নির্যাতিত নারী ও শিশু এবং স্বাস্থ্য ও স্যানিটেশন কার্য ক্রম পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	জেলা/উপজেলা প্রশাসন ও জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে আরো দায়িত্বশীলতার সহিত কার্য ক্রম দৃশ্যমান করার জন্য অনুরোধ জানানো হলো।	চেয়ারম্যান, সিডা মৌলভীবাজার।

২৩। <u>সেন্টার ফর ন্যাচারাল রিসোর্স স্টাডিজ (সি,এন,আর,এস-CREL প্রকল্প) শ্রীমঙ্গল এর কার্য ক্রম</u>।

উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে Climate-Resilient Ecosystems and Livelihoods (CREL) প্রকল্প এবং ক্ষুদ্রঋণ কার্য ক্রম পরিচালিত হচ্ছে। শ্রীমঙ্গল,কমলগঞ্জ, কুলাউড়া, বড়লেখা(লাউয়াছড়া জাতীয় উদ্যান, হাইল হাওর ও হাকালুকি হাওর)জলাভূমি সম্পদ সংরক্ষণে গৃহীত সহ-ব্যবস্থাপনা কার্য ক্রম চলমান রয়েছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সরকারের আইন ও নীতিমালার মধ্যে সংস্থার কার্য প্রণালী সুষ্ঠুভাবে অনুসরন করে কর্মসূচী বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ	সি.সি.পি.এ.এম.ও সি.এন.আর.এ, CREL প্রকল্প,

	জানানো হলো।	শ্রীমঙ্গল।

২৪। পক্ষাঘাতগ্রস্তদের পুনর্ব াসন কেন্দ্র(সি.আর.পি) মৌলভীবাজার এর কার্য ক্রম।

উক্ত সংস্থার ক্লিনিকেল ফিজিওথেরাপিষ্ট ও ইনচার্জ সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে মৌলভীবাজার জেলার-৩২৭ জন রোগীকে সিআরপি-মৌলভীবাজার শাখায় চিকিৎসা সেবা প্রদান করা হয় এবং ৫৯ জন রোগীকে বিনামূল্যে সেবা প্রদানের পাশাপাশি ২৬৮ জন রোগীকে নামমাত্র মূল্যে চিকিৎসা প্রদান করা হয়।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	দু:স্থ ও গরীব জনসাধারণ যাতে স্বল্প মূল্যে ভালো সেবা পেতে পারে তা নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।	ক্লিনিক্যাল ফিজিওথেরাপিস্ট, সি.আর.পি, মৌলভীবাজার।

২৫। ওয়াফ, কুলাউড়া এর কার্য ক্রম।

উক্ত সংস্থার নির্ব াহী পরিচালক সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে কিশোর-কিশোরী ক্লাব প্রকল্প, উপআনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, আইসিটি ভিত্তিক তথ্যকল্যাণী মডেল ও পল্লীতথ্য কেন্দ্র হাব পরিচালনা, কম্পিউটার প্রশিক্ষণ, স্যানিটেশন, পরিবেশ বান্ধব বন্ধু চুলা স্থাপন, মা ও নবজাতকের জন্য আপনজন স্বাস্থ্য সেবা প্রকল্প এবং অতিদরিদ্র মায়ের জন্য মাতৃত্বকালীন ভাতা, স্কুল ক্যাম্পেইন এবং ডায়াবেটিস নিয়ন্ত্রণ কর্ম সূচী পরিচালিত হচ্ছে।

	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	উন্নয়নমূলক বা সেবামূলক কার্য ক্রম পরিচালনার পূর্বে সংশ্লিষ্ট এলাকার বিরাজমান সমস্যা ও এলাকার অধিবাসীদের প্রকৃত ও আশু প্রয়োজন চিহ্নিত করে গণবান্ধন কার্য ক্রম দৃশ্যমান করার জন্য অনুরোধ জানানো হলো।	নির্ব াহী পরিচালক ওয়াফ, কুলাউড়া।

চলমান পাতা-০৬

২৬। বাংলাদেশ ডেভেলপমেন্ট সার্ভি স সেন্টার-বি.ডি.এস.সি, রাজনগর এর কার্য ক্রম।

উক্ত প্রতিষ্ঠানের উপজেলা ম্যানেজার সভায় অনুপস্থিত। ডিসেম্বর/১৪ খ্রি. মাসের প্রতিবেদন অনুসারে রাজনগর উপজেলার ০৪টি ইউনিয়ন-রাজনগর, মুন্সিবাজার, টেংরা ও উত্তরভাগ ইউনিয়নে ম্যালেরিয়া নিয়ন্ত্রণ কর্ম সূচি পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সভায় অনুপস্থিত থাকার কারণ দর্শ ানোর জন্য এবং বিস্তারিত প্রতিবেদনসহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো।	উপজেলা ম্যানেজার, বি.ডি.এস.সি, রাজনগর।

২৭। ফ্রেন্ডস ইন রুরাল ডেভলপমেন্ট বাংলাদেশ (এফ.আই.আর.ডি.বি), মৌলভীবাজার এর কার্য ক্রম।

উক্ত সংস্থার সাধারণ সম্পাদক সভায় জানান মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত কিশোর-কিশোরী ক্লাব কার্য ক্রম পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	গতানুগতিক কাজ না করে সামাজিক খাতের গুরুত্বপূর্ণ ক্ষেত্রে যথাসাধ্য অতি উপযুক্ত কর্ম সূচী দৃশ্যমান করার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	চেয়ারম্যান/সাধারণসম্পাদক এফ.আই.আর.ডি.বি, মৌলভীবাজার।

২৮। সিলেট যুব একাডেমী এর কার্য ক্রম।

উক্ত সংস্থার ডিআইসি কো-অর্ডি নেটর সভায়জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে যৌন রোগের চিকিৎসা-৩২টি, সাধারণ রোগের চিকিৎসা-১৭টি, কনডম বিতরণ-১২০৪৫টি, কাউন্সেলিং-৩২টি, দলীয় আলোচনা-০৫টি, একক আলোচনা-২৭২ জন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	জেলা/উপজেলা প্রশাসন ও জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে সঠিকভাবে কাজ করার জন্য অনুরোধ জানানো হলো।	কো-অর্ডি নেটর, সিলেট যুব একাডেমী মৌলভীবাজার।

২৯। ইনডিজিনাস পিপলস্ ডেভেলপমেন্ট সার্ভি সেস-আই.পি. ডি. এস. কুলাউড়া এর কার্য ক্রম।

উক্ত সংস্থার সভায় অনুপস্থিত। ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসের প্রতিবেদন অনুসারে ০২টি ক্ষুদ্র জাতিসত্তার মানবাধিকার কর্মীদের কমিটির মাসিক সমন্বয় সভা, ক্ষুদ্র জাতিসত্তার মানবাধিকার কর্মীদের সাথে নেটওয়ার্কিং সভা এবং ভোটার তালিকা হালনাগাদ করণের কার্য ক্রমে সহায়তা প্রদান করা হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সভায় অনুপস্থিত থাকার কারণ ব্যাখ্যাসহ নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো।	কো-অর্ডি নেটর, আই.পি.ডি.এস, কুলাউড়া, মৌলভীবাজার।

৩০। গ্রামীণ শক্তি, মৌলভীবাজার এর কার্য ক্রম

উক্ত সংস্থার ব্রাঞ্চ ম্যানেজার সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে উক্ত সংস্থা কর্তৃক সৌরবিদ্যুৎ, বায়োগ্যাস ও উন্নত চুলা কার্য ক্রম পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	(ক) যথাসময়ে সুস্পষ্ট মাসিক প্রতিবেদন প্রেরনের জন্য অনুরোধ জানানো হলো। (খ) সংস্থার নির্ধারিত কর্মসূচীর পাশাপাশি সামাজিক খাতের গুরুত্বপূর্ণ ক্ষেত্রে যথাসাধ্য দরিদ্রবান্ধব কর্ম সূচী গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো।	ব্রাঞ্চ ম্যানেজার, গ্রামীণ শাক্তি কমলগঞ্জ, মৌলভীবাজার।

৩১। ম্যাক বাংলাদেশ, শ্রীমঙ্গল এর কার্য ক্রম

উক্ত সংস্থার নির্বাহী পরিচালক সভায়জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে (১)ক্লাব সংগঠিত করে সমাজের ইতিবাচক পরিবর্তনে কিশোর-কিশোরীদের ক্ষমতায়ন কর্মসূচী(ফলোআপ),(২)পারস্পরিক শিখন কর্মসূচী, (৩)সংশোধিত তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উদ্বুদ্ধকরণ কর্মসূচী (৪)শিশু অধিকার বিষয়ক কর্মসূচী (৫)গভর্নেন্স এ্যান্ড ট্রান্সপারেন্সি ফান্ড কর্ম সূচী(ফলোআপ) (৬) আপনজন প্রকল্প এবং স্যানিটেশন কার্য ক্রম পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	উন্নয়নমূলক বা সেবামূলক কার্য ক্রম পরিচালনার পূর্বে সংশ্লিষ্ট এলাকার বিরাজমান সমস্যা ও এলাকার অধিবাসীদের প্রকৃত ও আশু প্রয়োজন চিহ্নিত করে গণবান্ধন কার্য ক্রম দৃশ্যমান করার জন্য অনুরোধ জানানো হলো।	নির্বাহী পরিচালক ম্যাক বাংলাদেশ শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

চলমান পাতা-০৭

৩২। গ্রামীন আত্মউন্নয়ন সেন্টার (জি.এ.সি) মৌলভীবাজার এর কার্য ক্রম:

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় জানান পৌরসভার সহায়তায় বিভিন্ন বর্জ্য ব্যবস্থাপনা কার্য ক্রম পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	জেলা/উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট বিভাগের সহিত সমন্বয় রেখে সঠিকভাবে কার্য ক্রমদৃশ্যমান করার জন্য অনুরোধ জানানো হলো।	আঞ্চলিক ব্যবস্থাপক গ্রামীণ আত্মউন্নয়ন সেন্টার মৌলভীবাজার।

৩৩। মুসলিম এইড কমিউনিটি হাসপাতাল, ব্রাহ্মণবাজার, কুলাউড়া এর কার্য ক্রম

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় কার্য ক্রম তুলে ধরেন। তিনি সভাকে জানানডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে আউটডোর-৮৩৯ জন, ইমার্জেন্সি-১৩০ জন, হেলথ ক্যাম্প-৩২০ জন, বিশেষজ্ঞ সেবা-৭৫৯ জন, অপারেশন সেবা-১১ জন, ইনডোর-১৯৬ জন, প্যাথলজি-১,১৫০ জন, এ্যাম্বুলেন্স সেবা-১৩ জন, নরমাল ডেলিভারী-১৯ জন, ঔষধ সেবা-৫২১ জন, ইপিআই সেবা-৭৪ জন এবং ফ্রি সেবা-৪৬৭ জন। মোট উপকারভোগী-৪,৫০৭ জন। তিনি সভায় আরো জানান উক্ত হাসপাতালে পক্ষ থেকে ৩০০০ চক্ষু ড্রপ, ১৫টি বগলী, ০২টি হুইল গাড়ী এবং ডায়াবেটিসের ঔষধ বিতরণ করা হবে। তিনি উক্ত বিতরণ কার্যে প্রশাসনের সহযোগিতা কামনা করেছেন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	মুসলিম এইড এর বিভিন্ন দ্রব্যাদি বিতরণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য জনাব মোহাম্মদ ফারুক আহমদ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার-কে অনুরোধ জানানো হলো।	জনাব ফারুক আহমদ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মৌলভীবাজার।

৩৪। শিশু সহায়ক সংস্থা, লুমডনবক, বরমচাল মিশন, কুলাউড়া, মৌলভীবাজার এর কার্য ক্রম

উক্ত সংস্থার সভাপতি/সাধারণ সম্পাদক সভায় অনুপস্থিত। ডিসেম্বর/১৪খ্রি. মাসের প্রতিবেদন পর্য ালোচনায় দেখা যায় যে, শিক্ষা সহায়তা কার্য ক্রম(উপকারভোগী-৮০ জন ছাত্র/ছাত্রী), হোষ্টেল কার্য ক্রম(উপকারভোগী-৪৯ জন ছাত্র/ছাত্রী) পরিচালিত হচ্ছে। তাছাড়া ১১৫ টি শীতবস্ত্র (কম্বল)বিতরণ করা হয়েছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	প্রকল্প বাস্তবায়ন এবং কার্য ক্রম পরিচালনার ক্ষেত্রে জেল/উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগের সহিত সমন্বয় রেখে সঠিকভাবে কাজ করার জন্য অনুরোধ জানানো হলো।	সভাপতি/সাধারণ সম্পাদক শিশু সহায়ক সংস্থা কুলাউড়া, মৌলভীবাজার।

৩৫। রংপুর-দিনাজপুর রুরাল সার্ভি স-আর.ডি.আর.এস এর কার্য ক্রম:

উক্ত সংস্থার সমন্বয়কারী সভায় অনুপস্থিত। ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসের প্রতিবেদন অনুসারে মৌলভীবাজার সদর, রাজনগর, শ্রীমঙ্গল, কমলগঞ্জ ও কুলাউড়া উপজেলায় সুযোগ সুবিধা বঞ্চিত ও ঝড়ে পড়া ০৮ হতে ১০ বয়সী শিশুদের জন্য শিখন-২(উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা)কর্ম সূচী, ক্ষুদ্রঋণ, ক্ষুদ্র উদ্যাক্তা ঋণ এবং রেমিটেন্স সেবা কার্য ক্রম পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সভায় অনুপস্থিত থাকার কারণ ব্যাখ্যাসহ নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো।	সমন্বয়কারী, আর.ডি.আর.এস. শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৩৬। ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এফেয়ার্স-আইডিয়া সংস্থার কার্য ক্রম:

উক্ত সংস্থার প্রকল্প ব্যবস্থাপক সভাকে জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসের প্রতিবেদন অনুসারে পাড়া ওয়াশ কমিটির মাসিক সভা, সি.এস.এ রিভিউ, স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন তৈরী, স্থানীয়ভাবে আবর্জনা ফেলার গর্ত তৈরী, হ্যান্ড ওয়াশ ডিভাইস স্থাপন, কিশোরী দলের সেশন, কিশোরী দলের স্কুল সেশন, স্কুল সেশন, শিশু সেশন, বাড়ি ভিজিট ও ফলোআপ ইত্যাদি কার্য ক্রম পরিচালিত হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	গৃহীত ও সম্পন্নকৃত উল্লেখযোগ্য ০৫(পাঁচ)টি কার্য ক্রমের বিবরণী আগামী ফেরুয়ারী/২০১৫ খ্রি. মাসের সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হলো।	প্রজেক্ট ব্যবস্থাপক ওয়াটার প্রকল্প, আইডিয়া, কমলগঞ্জ, মৌলভীবাজার।

চলমান পাতা-০৮

৩৭। সিল ইন্টারন্যাশনাল-বাংলাদেশ, কমলগঞ্জ সংস্থার কার্য ক্রম:

উক্ত সংস্থার সুপারভাইজার/প্রতিনিধি সভায় অনুপস্থিত। ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসের প্রতিবেদন পাওয়া যায়নি।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সভায় অনুপস্থিত থাকার ও প্রতিবেদন প্রেরণ না করার কারণ ব্যাখ্যাসহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা জানানো হলো।	সুপারভাইজার সিল ইন্টারন্যাশনাল, কমলগঞ্জ, মৌলভীবাজার।

৩৮। প্রিপ ট্রাস্ট-মৌলভীবাজার সংস্থার কার্য ক্রম:

উক্ত সংস্থার প্রোগ্রাম অফিসার সভাকে জানান যে, ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে মৌলভীবাজার জেলার কমলগঞ্জ ও কুলাউড়া উপজেলায় ১৭টি ইউনিয়ন ও কুলাউড়া পৌরসভায় "নারীর রাজনৈতিক ক্ষমতায়ন" প্রকল্পের কাজ চলছে। স্থানীয় সরকার ব্যবস্থায় জেন্ডার সমতা, নারীর ক্ষমতায়ন, উন্নয়ন পরিকল্পনা ইত্যাদি পরিচালিত হচ্ছে। ইউ,পি, পৌরসভা ও উপজেলা পরিষদের নির্ব াচিত নারী প্রতিনিধি উপকারভোগী।তিনি প্রকল্প বাস্তবায়নে উপজেলা নির্ব াহী অফিসার, কুলাউড়া এর সহযোগিতার জন্য অনুরোধ জানান।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	প্রিপ ট্রাস্ট এর প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা প্রদানের জন্য উপজেলা নির্ব াহী অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার-কে অনুরোধ জানানো হলো।	উপজেলা নির্ব াহী অফিসার কুলাউড়া, মৌলভীবাজার।

৩৯। বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি'র কার্য ক্রম:

উপস্থিত প্রতিনিধি সংস্থার কার্য ক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে ঝুকিপূর্ণ জনগোষ্ঠী(এম.এস.এম, এম.এস.ডাব্লিউ ও হিজড়া) এর মাঝে এইচআইভি প্রতিরোধ কার্য ক্রম বাস্তবায়ন করে আসছে। ক্লিনিক সেশন-১২টি, এস.টি.আই-৬০ জন, জেনারেল হেলথ-১৪৮ জন, ভিসিটি-২৯ জন, অনসাইট মিটিং-০২টি, গ্রুপ এডুকেশন-০২টি, মাসিক মিটিং-০১টি, কনডম বিতরণ-১৯,৯৯৬টি, লুব্রিক্যাটিং জেল বিতরণ-১,৪৩০টি।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	প্রযোজ্য বিধি বিধানের আওতায় প্রকল্প বাস্তবায়নসহ জেলা/উপজেলা প্রশাসন ও জনপ্রতিনিধিদের সাথে সম্পৃক্ততা আরো বৃদ্ধি করে অতি উপযুক্ত ও দৃশ্যমান কার্য ক্রম গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো।	ডিআইসি ম্যানেজার বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি মৌলভীবাজার।

৪০। নি:স্ব সহায়ক সংস্থা-কুলাউড়া'র কার্য ক্রম:

উক্ত সংস্থার প্রোগ্রাম ম্যানেজার সভায় সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে কুলাউড়া উপজেলার শরীফপুর ইউনিয়নের লালারচক গ্রাম ও কর্ম ধা ইউনিয়নের রাজানগর চা বাগান বস্তিতে১৭ ও ১৮ জানুয়ারী, ২০১৫ খ্রি. তারিখ দুটি মেডিকেল ক্যাম্প বাস্তবায়ন করা হয়েছে। সর্ব মোট উপকারভোগী২৫০ জন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	বাংলাদেশ অন্ধ কল্যান সমিতি, মৌলভীবাজারের সহযোগিতায় বিনামূল্যে উপযুক্ত স্থানে চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহনের জন্য নির্ব াহী পরিচালক নি:স্ব সহায়ক সংস্থা, কুলাউড়া-কে অনুরোধ জানানো হলো। এ বিষয়ে প্রযোজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অবৈতনিক সাধারণ সম্পাদক, বাংলাদেশ অন্ধ কল্যান সমিতি, মৌলভীবাজার-কে অনুরোধ জানানো হলো।	নির্ব াহী পরিচালক, নি:স্ব সহায়ক সংস্থা কুলাউড়া, মৌলভীবাজার।

৪১। বাঁধন হিজরা সংঘ-শ্রীমঙ্গল এর কার্য ক্রম:

সংস্থার ডিআইসি ম্যানেজার সভায় জানান ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসে খ্রি. মাসে শ্রীমঙ্গল উপজেলায় ঝুকিপূর্ণ জনগোষ্ঠী(এমএসএম, এমএসডাব্লিউ ও হিজড়া)এর মাঝে এইচআইভি প্রতিরোধ কার্য ক্রম বাস্তবায়ন করে আসছে। উপকারভোগী-এম.এস.এম-২৯৯ জন, এম.এস.ডাব্লিউ-২২ জন, হিজড়া-৬৬ জন। সর্ব মোট৩৮৭ জন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	প্রযোজ্য বিধি বিধানের আওতায় প্রকল্প বাস্তবায়নসহ জেলা/উপজেলা প্রশাসন ও জনপ্রতিনিধিদের সাথে সম্পৃক্ততা আরো বৃদ্ধি করে অতি উপযুক্ত ও দৃশ্যমান কার্য ক্রম গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো।	ডিআইসি ম্যানেজার, বাঁধন হিজরা সংঘ শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

চলামান পাতা-০৯

৪২। নাগরিক উদ্যোগ-শ্রীমঙ্গল সংস্থার কার্য ক্রম:

উক্ত সংস্থার প্রতিনিধি সভায় জানান ডিসেম্বর/১৪ খ্রি. মাসে মানবাধিকার রক্ষা ও সহায়তার মাধ্যমে দলিত ও সামাজিকভাবে বঞ্চিত জনগোষ্ঠীর প্রতি বিদ্যমান বৈষম্য লাঘব প্রকল্পে- শ্রীমঙ্গল ও কমলগঞ্জ উপজেলায় ০৭(সাত) প্রাক প্রাথমিক স্কুলের কার্য ক্রম(উপকারভোগী-২১০ জন) চলমান রয়েছে। সর্ব মোট উপকারভোগী-৩১৭৬ জন। তাছাড়া, বিভাগীয় পর্য ায়ে এ্যাডভোকেসী সভা০১টি, অধিকারভিত্তিক সচেতনতামূলক সভা-০১টি এবং স্কিল ট্রেনিং অন মেকিং শপিং ব্যাগ তৈরী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	জাতি গঠনমূলক কার্য ক্রমকে আরো বেগবান করার লক্ষ্যে সংস্থার কার্য ক্রম বিস্তৃতিসহ পরিচালিত স্কুলসমূহের তালিকা এবং প্রশিক্ষনার্থীদের তালিকা আগামী সভায় উপস্থাপনের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	রিজিওনাল কো-অর্ডি নেটর, নাগরিক উদ্যোগ, শ্রীমঙ্গল।

৪৩। দি হাঙ্গার প্রজেক্ট, মৌলভীবাজার সংস্থার কার্য ক্রম:

উক্ত সংস্থার সমন্বয়কারী সভায় অনুপস্থিত। ডিসেম্বর/২০১৪ খ্রি. মাসের প্রতিবেদন পাওয়া যায়নি।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	সভায় অনুপস্থিত থাকার এবং প্রতিবেদন প্রেরণ না করার কারণ দর্শানোর জন্য এবং বিস্তারিত প্রতিবেদনসহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।	ইউনিয়ন সমন্বয়কারী দি হাঙ্গার প্রজেক্ট মৌলভীবাজার।

৪৪। সেভ দি চিলড্রেন ইন্টারন্যাশনাল, কুলাউড়া সংস্থার কার্য ক্রম:

উক্ত সংস্থার সিনিয়র প্রকল্প কর্ম কর্তা সভায় জানানউক্ত সংস্থা কুলাউড়া উপজেলার ১৩টি ইউনিয়নের সকল সরকারী স্বাস্থ্য সেবাদান প্রতিষ্ঠান ও ১৩টি চা-বাগানে জাতীয় পুষ্টি সেবা (NNS) কর্ম সূচী সক্রিয়করণে ভূমিকা রাখছে। এর সাথে ০-৩ বছরের শিশুদের প্রারম্ভিক উদ্দীপনা বিষয়ে(Early Stimulation) কাউন্সেলিং গবেষণা কার্য ক্রম পরিচালনা করা হচ্ছে।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	প্রকল্প দ্বারা অর্জিত ফলাফল চিত্র জেলা/উপজেলা প্রশাসনে দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।	সিনিয়র প্রকল্প কর্ম কর্ত সেভ দ্য চিলড্রেন, কুলাউড়া।

৪৫। বিবিধ আলোচনা:

ক) বেগম সৈয়দা জোহরা আলাউদ্দিন, সভানেত্রী, জাতীয় মহিলা সংস্থা সততার সহিত সেবার মনোভাব নিয়ে ভালো কাজ দৃশ্যমান করার জন্য সকল এনজিও-কে অনুরোধ জানান। তিনি আরো বলেন, ভালো কাজ কখনো নি:শেষ হয়ে যায়না। তাই নৈতিকতায় উদ্বুদ্ধ হয়ে উন্নয়ন প্রক্রিয়ায় অংশগ্রহনের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়নে অবদান রাখার জন্য তিনি সবাইকে অনুরোধ জানান।

খ) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার বলেন, যুব ঋণ ও বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতাসহ আন্তরিকতার সহিত সকল এনজিও-কে কাজ করার অনুরোধ জানান।

গ) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার বলেন, সরকারের আইন ও নীতিমালা অনুসরণ করে এনজিওদের কার্য প্রণালী সুষ্ঠুভাবে সম্পাদন করা প্রয়োজন। তিনি এনজিওদের কার্য ক্রমঅনুমোদিত প্রকল্প প্রস্তাব, কর্ম পরিকল্পনা ও কর্ম এলাকার মধ্যে সীমাবদ্ধ রাখাসহ অতি উপযুক্ত কার্য ক্রম দৃশ্যমান করার জন্য সকল এনজিওদের অনুরোধ জানান।

ঘ) জেলা প্রশাসক, মৌলভীবাজার সকল এনজিও'র উদ্দেশ্যে বলেন, কোথায় কোথায় কী কী কার্য ক্রম গ্রহণ করা হচ্ছে, কোথা হতে অর্থায়ন করা হচ্ছে কোন খাতে কত খরচ হচ্ছে ইত্যাদি সঠিক হিসাব সঠিকভাবে সংরক্ষণ করতে হবে। নিজেদের নিরাপত্তা জোরদার করতে হবে। ভাংচুর, অগ্নিসংযোগসহ বিভিন্ন নাশকতামূলক কর্ম কান্ডের তথ্যাদি নজরে আসামাত্র অত্রাফিস-কে জানাবেন। নাম পরিচয় গোপন রাখাসহ নিরাপত্তা প্রদান করা হবে। টেকসই, লাগসই ও জনবান্ধব কাজ করবেন। বিভিন্ন সামাজিক সংগঠনের মতো ব্যানার, ফেষ্টুন নিয়ে জনসচেতনতামূলক কার্য ক্রম গ্রহণ করবেন। তিনি আরো বলেন, স্বাধীন দেশে কেউ পরাধীনভাবে বাঁচতে চায় না। তাই কোথাও জোরজবরদস্তি করা যাবে না। সংশ্লিষ্ট সকল অফিসের সহিত সমন্বয় করে এনজিওগুলোক উপযুক্ত কর্ম সূচী দৃশ্যমান করতে হবে। তাছাড়া স্বাস্থ্য, শিক্ষা, স্যানিটেশন, হাইজিন, নিরাপদ পানি, খাদ্য ঘাটতি রোধ, নিরক্ষরতা দূরীকরন, আবাসন ব্যবস্থা, বেকারত্ব ও দারিদ্র দূরীকরণ, তথ্য প্রযুক্তির উন্নয়ন, মানসম্পন্ন পুষ্টি চাহিদা পূরণ, ক্যালোরীযুক্ত খাদ্য নিশ্চিতকরণ, সংক্রামক ব্যাধি নির্মুল মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার কমানো ইত্যাদি বিষয়ে সহযোগিতা প্রদানের আহবান জানানো হয়। জেলা প্রশাসন এনজিওসমূহকে দ্রুততার সাথে সেবাদানে বদ্ধপরিকর।

চলমান পাতা-১০

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	নীতি নৈতিকতার জায়গা থেকে উদ্বুদ্ধ হয়ে উন্নয়ন প্রক্রিয়ায় অংশগ্রহনের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়নে অবদান রাখার জন্য সকল এনজিওগুলোকে অনুরোধ জানানো হলো।	সকল এনজিও মৌলভীবাজার।
০২।	জেলা সমাজসেবা কার্যালয়ের যুব ঋণ গ্রহণ ও বিভিন্ন প্রশিক্ষণ সংক্রান্তে জনসাধারণকে উদ্বুদ্ধ করে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল এনজিওগুলোকে অনুরোধ জানানো হলো।	সকল এনজিও মৌলভীবাজার।

০৩।	সরকারের আইন ও নীতিমালা অনুসরণ করে কার্য প্রণালী সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত এনজিওদের কার্য ক্রম অনুমোদিত প্রকল্প প্রস্তাব, কর্ম পরিকল্পনা ও কর্ম এলাকার মধ্যে সীমাবদ্ধ রাখাসহ অতি উপযুক্ত কার্য ক্রম দৃশ্যমান করার জন্য সকল এনজিওদের অনুরোধ জানান হলো।	সকল এনজিও মৌলভীবাজার।
০৪।	কোথায় কোথায় কী কী কার্য ক্রম গ্রহণ করা হচ্ছে, কোথা হতে অর্থ ায়ন করা হচ্ছে, কোন খাতে কত খরচ হচ্ছে ইত্যাদি সঠিক হিসাব সঠিকভাবে সংরক্ষণ, নিরাপত্তা জোরদার , ভাংচুর, অগ্নিসংযোগসহ বিভিন্ন নাশকতামূলক কর্ম কান্ডের তথ্যাদি নজরে আসামাত্র অত্রাফিস-কে জানানো এবং সংশ্লিষ্ট সকল অফিসের সহিত সমন্বয় করে এনজিওগুলোক উপযুক্ত কর্ম সূচী দৃশ্যমান করার অনুরোধ জানানো হলো। তাছাড়া, স্বাস্থ্য, শিক্ষা, স্যানিটেশন, হাইজিন, নিরাপদ পানি, খাদ্য ঘাটতি রোধ, নিরক্ষরতা দূরীকরন, আবাসন ব্যবস্থা, বেকারত্ব ও দারিদ্র দূরীকরণ, তথ্য প্রযুক্তির উন্নয়ন, মানসম্পন্ন পুষ্টি চাহিদা পূরণ, ক্যালোরিযুক্ত খাদ্য নিশ্চিতকরণ, সংক্রামক ব্যাধি নির্মু ল, মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার কমানো ইত্যাদি বিষয়ে সহযোগিতা প্রদানের জন্যও সকল এনজিওগুলোকে অনুরোধ জানানো হলো।	সকল এনজিও মৌলভীবাজার।
০৫।	প্রকল্প পরিচালক, ওয়াক ফর লাইফ, দি গ্লেনকো ফাউন্ডেশন এর আবেদনের প্রেক্ষিতে জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় দি গ্লেনকো ফাউন্ডেশন-কে অন্তর্ভূ ক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।	ভারপ্রাপ্ত কর্ম কর্ত এনজিও বিষয়ক সেল।
০৬।	প্রকল্প ব্যবস্থাপক, ম্যালেরিয়া নিয়ন্ত্রণ কর্ম সূচী, সচেতন সাহায্য সংস্থা এর আবেদনমতে মৌলভীবাজার সদর ও কুলাউড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নের ঝুঁ কিপূর্ণ গ্রামে দীর্ঘ স্থায়ী কীটনাশকযুক্ত মশারী বিতরণের সময় উপস্থিত থেকে সার্বি ক সহযোগিতা ও দিকনির্দে শনা প্রদানের জন্য উপজেলা নির্ব াহী অফিসার মৌলভীবাজার সদর ও কুলাউড়া-কে অনুরোধ জানানো হলো।	উপজেলা নির্ব াহী অফিসার মৌলভীবাজার সদর/কুলাউড়া, মৌলভীবাজার।

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ কামরুল হাসান)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ও
সভাপতি
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
মৌলভীবাজার।
ফোন : ০৮৬১-৬৩২০২(অফিস)
ফ্যাক্স : ০৮৬১-৫২৯৬৬

dcmoulvibazar@mopa.gov.bd

নং-০৫.৬০.৫৮০০.০২৬.০১.০০১.১৫- (৮০) তারিখ : /০২/২০১৫ খ্রি.।

বিতরণ :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

02| সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯। মহা-পরিচালক, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, গুলফেশাঁ প্লাজা(৭ম তলা)৮,শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, বড়মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

১০। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

১১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ১৩,শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, মৎস্য ভবন(১০ম তলা)রমনা, ঢাকা-১০০০।

১২। পুলিশ সুপার, মৌলভীবাজার।

১৩। সিভিল সার্জন, মৌলভীবাজার।

১৪। উপজেলা চেয়ারম্যান, মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/কুলাউড়া/বড়লেখা ও জুড়ী।

১৫। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বি ক)মৌলভীবাজার।

১৫। নির্ব াহী প্রকৌশলী,শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার।

১৭। নির্ব াহী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার।

১৮। উপজেলা নির্ব াহী অফিসার,মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/কুলাউড়া/বড়লেখা ও জুড়ী।

১৯। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্য ালয়,মৌলভীবাজার।

২০। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।

২১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মৌলভীবাজার।

২২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার।

২৩। জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।

২৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার।

২৫। জেলা ত্রাণ ও পুনর্ব াসন অফিসার,মৌলভীবাজার।

২৬। জেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা,মৌলভীবাজার।

২৭। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, মৌলভীবাজার।

২৮। প্রতিবন্ধী বিষয়ক কর্ম কর্তা,প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, পুরাতন হাসপাতাল সড়ক (ছমরু কুটির)মৌলভীবাজার।

২৯। ----------(সকল এনজিও)।

জেলা প্রশাসক
মৌলভীবাজার।

পরিশিষ্ট-"ক"

২৫/০১/২০১৫ খ্রি. তারিখের জেলা এন.জি.ও বিষয়ক সমন্বয় কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

ক্র:ন:	উপস্থিত কর্ম কর্তার নাম	পদবী/ঠিকানা
০১।	জনাব মোঃ আরিফুর রহমান	জেলা ব্র্যাক প্রতিনিধি, মৌলভীবাজার।
০২।	জনাব এম.এ হামিদ	নির্ব াহী পরিচালব্ ম্যাক বাংলাদেশ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
০৩।	জনাব মোঃ আরমান	এমআইসি অফিসার, পিএইচডি, মৌলভীবাজার।
০৪।	জনাব মহিতোষ দত্ত	ম্যানজার, সিসিডিএ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
০৫।	জনাব মোঃ হারুন মিয়া	সুপারভাইজার, হীড বাংলাদে, কমলগঞ্জ, মৌলভীবাজার।
০৬।	জনাব মোঃ আব্দুর রহিম	ক্লিনিক ম্যানেজার, মেরীস্টাপস ক্লিনিক, মৌলভীবাজার।
০৭।	জনাব সৈয়দ আসাদুল হক	ডিআইসি কো-অর্ডি নেটর
০৮।	জনাব প্রশান্ত কুমার দাস	সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,মৌলভীবাজার।
০৯।	জনাব মোঃ আব্দুল বারী	কো-অর্ডি নেটর্ সিডা, মৌলভীবাজার।
১০।	জনাব মোঃ জাহিদুর রহমান	প্রকল্প ব্যবস্থাপক, প্রচেষ্টা, কুলাউড়া, মৌলভীবাজার।
১১।	জনাব রমা কান্ত সিংহ	হিসাব রক্ষক, ব্রাক্ষণবাজার খ্রীষ্টিয়ান স্বাস্থ্য প্রকল্প, কুলাউড়া, মৌলভীবাজার।
১২।	বেগম মর্জিনা আক্তার	প্রোগ্রাম অফিসার, প্রিপ ট্রাস্ট, কুলাউড়া, মৌলভীবাজার।
১৩।	জনাব মোঃ ওয়ালীউল্লাহ	ডিআইসি ম্যানেজার, বাঁধন হিজড়া সংঘ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
১৪।	জনাব মোঃ আব্দুল মালিক	নির্ব াহী পরিচালব্ ওয়াফ, কুলাউড়া, মৌলভীবাজার।
১৫।	জনাবা মোঃ মনসুর হেলাল	মাঠ কর্ম কর্ত, কারিতাস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
১৬।	জনাব মোঃ কামরুল হাসান	জেলা ব্যবস্থাপক, আশা, মৌলভীবাজার।
১৭।	জনাব ক্ষিতেশ চন্দ্র দাস	আরএম, আশা, মৌলভীবাজার।
১৮।	জনাব তোফাজ্জল হোসেন	ব্যবস্থাপক, এফআইভিডিবি, মৌলভীবাজার।
১৯।	জনাব মোঃ আরিফুর রহমান	শাখা ব্যবস্থাপক, টিএমএসএস, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
২০।	জনাব ফজলে মাওলা চৌধুরী	প্রোগ্রাম ম্যানেজার, নি:স্ব সহায়ক সংস্থা, কুলাউড়া, মৌলভীবাজার।
২১।	জনাব ইয়াহিয়া বিলাল	সাধারণ সম্পাদক, এফআইআরডিবি, মৌলভীবাজার।
২২।	জনাব মোঃ শাহআলম	মনিটরিং অফিসার, উন্নয়ন সহায়ক সংস্থা-উসস, মৌলভীবাজার।
২৩।	জনাব মোঃ খালিছ চৌধুরী	ক্লিনিক ম্যানেজার, সূর্যে র হাসি ক্লিনিব্ মৌলভীবাজার।
২৪।	জনাব মাহমুদুল হাসান	সিনিয়র প্রজেক্ট অফিসার, সেভ দ্য চিলড্রেন, কুলাউড়া, মৌলভীবাজার।
২৫।	জনাব মোঃ ফারুক আহমেদ	ইনচার্জ, সিআরপি, মৌলভীবাজার।
২৬।	ডা: মোঃ আব্দুল কাদের	কনসালটেন্ট, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, মৌলভীবাজার।
২৭।	জনাব বেলাল আহমদ চৌধুরী	এডমিন এন্ড এইচআর অফিসার, মুসলিম এইড, কুলাউড়া, মৌলভীবাজার।
২৮।	ডা: সিনথিয়া আক্তার	মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, মৌলভীবাজার।
২৯।	বেগম সৈয়দা জোহরা আলাউদ্দিন	সভানেত্রী, জাতীয় মহিলা সংস্থা, মৌলভীবাজার।
৩০।	জনাব মোঃ আলাউদ্দিন	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার।
৩১।	জনাব মোঃ আলী আহসান	এডিপিও, পক্ষে-ডিপিইও, মৌলভীবাজার।
৩২।	জনাব মোঃ এহসানুল মান্নান	ব্যবস্থাপক, প্রশাসন, বিএনএসবি, মৌলভীবাজার।
৩৩।	জনাব জেমস প্রদীপ বিশ্বাস	ব্যবস্থাপক, এইচআরডিপি, এসএমএনবি, মৌলভীবাজার।
৩৪।	জনাব সজল দাস	হিসাব রক্ষক, ইএপি, মৌলভীবাজার।
৩৫।	জনাব জাহেদুল রহমান	সহ-সমন্বয়কারী, পাতাকুঁড়ি সোসাইটি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৩৬।	বেগম কামরুন নাহার	সমাজসেবা কর্ম কর্ত, মৌলভীবাজার, পক্ষে উপপরিচালক, জেলা সমাজসেবা
৩৭।	জনাব মোঃ রেজাউল করিম	শাখা ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ, মৌলভীবাজার।
৩৮।	জনাব শৈলেন্দ্র দেবনাথং	কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার, আইডিয়া, কমলগঞ্জ।
৩৯।	জনাব মোঃ মহসিন রেজা	প্রকল্প ব্যবস্থাপক, রিজিওনাল কো-অর্ডি নেটর্ আইডিয়া, কমলগঞ্জ।
৪০।	জনাব সুনিল কুমার মৃধা	রিজিওনাল কো-অর্ডি নেটর্ নাগরিক উদ্যোগ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪১।	জনাব রবীন্দ্র কুমার সিংহ	এসএএও পক্ষে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।
৪২।	জনাব বিশ্বজিৎ দাস	ব্যবস্থাপক, গ্রামীণ আত্মউন্নয়ন সেন্টার, মৌলভীবাজার।

৪৩।	জনাব মোঃ রফিকুল ইসলাম শাহাদাত	ব্রাঞ্চ ম্যানেজার, গ্রামীণ শক্তি, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৪৪।	জনাব শংকর সরকার	রিসার্স এসোসিয়েট্, শ্রীমঙ্গল ফাউন্ডেশন, মৌলভীবাজার।
৪৫।	জনাব আব্দুল্লাহ আল-মামুন	কাউন্সেলর, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি, মৌলভীবাজার।
৪৬।	জনাব পলাশ সরকার	সিসিপিএএমও, সিএনআরএস-ক্রেল, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

<u>সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ(অফিস প্রধান) :</u>

০১। পুলিশ সুপার, মৌলভীবাজার।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/কুলাউড়া/বড়লেখা ও জুড়ী।

০৩। নির্ব াহী প্রকৌশলী্ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার।

০৪। উপজেলা নির্ব াহী অফিসার্ মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/কুলাউড়া/বড়লেখা ও জুড়ী।

০৫। উপ-পরিচালক, পরিবার কল্পনা অধিদপ্তর, মৌলভীবাজার।

০৬। জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।

০৭। জেলা ত্রাণ ও পুনর্ব াসন অফিসার্ মৌলভীবাজার।

০৮ । জেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা্ মৌলভীবাজার।

<u>সভায় অনুপস্থিত এন.জি.ও :</u>

১। দি হাঙ্গার প্রজেক্ট, মৌলভীবাজার।

২। পসবিদ উন্নয়ন সংস্থা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৩। সিল ইন্টাবন্যাশনাল বাংলাদেশ, কমলগঞ্জ, মৌলভীবাজার।

৪। সমাজ উন্নয়ন ও পরিবার পরিকল্পনা সংস্থা-সুপস্, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৫। বাংলাদেশ ডেভেলপমেন্ট সার্ভি স সেন্টার-বি.ডি.এস.সি-রাজনগর, মৌলভীবাজার।

৬। ইনডিজিনাস পিপলস্ ডেভেলপমেন্ট সার্ভি সেস-আই.পি.ডি.এস. কুলাউড়া, মৌলভীবাজার।

৭। রংপুর-দিনাজপুর রুরাল সার্ভি স-আরডিআরএস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।